গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
www.nbr.gov.bd

[ কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা ও নিরীক্ষা শাখা ]

নথি নং-০৮.০১.০০০০.৬১.০১.০৪০.১৫/৫৪৮ তারিখ: ২৭/১০/২০২১ খ্রিঃ

**বিষয়: নিরীক্ষাযোগ্য রেকর্ডপত্র সরবরাহ প্রসঙ্গে।**

সূত্র: রাজস্ব অডিট অধিদপ্তরের পত্র নং-৮২.০৭.০০০০.০৮৩.০৬.০০১.১১.৩৭৬, তারিখ : ২৬.০৮.২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে অবগত আছে যে, স্থানীয় রাজস্ব ও অডিট অধিদপ্তর কর্তৃক মূসক নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহের নিরীক্ষা কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে মূসক কমিশনারেট সমূহ বরাবর একাধিক প্রতিষ্ঠানের তালিকা সরবরাহ করা হত. অত:পর উক্ত প্রতিষ্ঠানসমূহের তথ্য এবং প্রতিষ্ঠানে রক্ষিত ক্রয় বিক্রয় খাতা, রেজিস্টার ও বিভিন্ন দলিলাদি অডিট অধিদপ্তরের নিকট সরবরাহের জন্য পত্র প্রেরণের প্রেক্ষিতে মূসক কমিশনারেটসমূহ কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বরাবর উক্ত দলিলাদি সরবরাহের জন্য নোটিশ প্রেরণ করা হত এবং অডিট অধিদপ্তরের উক্ত নিরীক্ষা কার্যক্রমের ভিত্তিতে অপরিশোধিত মূসক আদায়ের জন্য মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৫ (১) অনুযায়ী দাবীনামা জারী করা হত। এ কার্যক্রমের বিপরীতে কতিপয় সংক্ষুব্ধ প্রতিষ্ঠান কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে ২০১৩-১৪ সালে একাধিক রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত রীট পিটিশনসমূহের সূত্রে মাননীয় হাইকোর্ট ও মাননীয় আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ের আলোকে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন কাস্টমস ও মূসক দপ্তরসমূহ রাজস্ব অডিট অধিদপ্তর বরাবর নিরীক্ষাযোগ্য তথ্য সরবরাহ হতে বিরত রয়েছে। এ প্রেক্ষিতে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় তথ্যাদি প্রাপ্তির লক্ষ্যে রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডের নিকট সহযোগিতা কামনা করা হয়েছে।

৩। আলোচ্য মামলা সংশ্লিষ্ট আরজি ও মাননীয় হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগের রায়সমূহ পর্যালোচনায় দেখা যায় যে, মামলার আরজিসমূহ মূসকের নিরীক্ষা সংক্রান্ত এবং মামলা দায়েরকারীগণ স্থানীয় পর্যায়ে মূসক প্রদানকারী প্রতিষ্ঠান। এ ক্ষেত্রে মামলার রায়ে মূসক নিরীক্ষার বিষয়ে আদালতের সুস্পষ্ট পর্যবেক্ষণ রয়েছে যেখানে বলা হয়েছে যে, "…..if the audit department finds irregularities in the assessment of VAT and other duties, it shall ask the Board of Revenue to supply the relevant documents of the VAT payers……….". অর্থাৎ যে ক্ষেত্রে অডিট অধিদপ্তর ভ্যাট ও অন্যান্য কর অ্যাসেসমেন্টের ক্ষেত্রে কোন অনিয়ম পাবে, সেক্ষেত্রে অডিট অধিদপ্তর জাতীয় রাজস্ব বোর্ডের নিকট উক্ত বিষয়ে সংশ্লিষ্ট দলিলাদি চাইবে এবং বোর্ড উক্ত দলিলাদি অডিট ডিপার্টমেন্টকে সরবরাহ করবে। কিন্তু আলোচ্য রায়ে কাস্টমস দপ্তর সংশ্লিষ্ট নিরীক্ষার বিষয়ে সুস্পষ্ট কোন পর্যবেক্ষণ/নির্দেশনা পাওয়া যায় না।

৪। বর্ণিতাবস্থায়, জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস সংক্রান্ত দপ্তরসমূহের ক্ষেত্রে শুধুমাত্র কাস্টম হাউসে রক্ষিত বিল অব এন্ট্রি শুল্কায়নের ক্ষেত্রে দৈবচয়নের ভিত্তিতে অথবা ঝুঁকি ব্যবস্থাপনার ভিত্তিতে যৌক্তিক সংখ্যক বিল অব এন্ট্রি নির্বাচন করে অর্থবছর ভিত্তিক নিরীক্ষা সম্পন্ন করার লক্ষ্যে রাজস্ব অডিট অধিদপ্তরকে সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হ'ল।

সংযুক্তি : সূত্রীয় পত্র

২৭/১০/২০২১
(নাজমুন নাহার)
দ্বিতীয় সচিব (কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা ও নিরীক্ষা)
ই-মেইল : crmauditbr@gmail.com
ফোন : ৪৮৩১৮১০১-৮, এক্স-৪৪০

বিতরণ :

১-৬) কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/আইসিডি/পানগাঁও/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল।

নথি নং-০৮.০১.০০০০.৬১.০১.০৪০.১৫/৫৪৮ তারিখ: ২৭/১০/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিনিয়র), কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
২) মহাপরিচালক, রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (২য় ও ৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৩। পি.এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(নাজমুন নাহার)
দ্বিতীয় সচিব (কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা ও নিরীক্ষা)
ই-মেইল : crmauditbr@gmail.com
ফোন : ৪৮৩১৮১০১-৮, এক্স-৪৪০

CamScanner